পাঠ ২১

# আমার পণ

মদনমোহন তর্কালঙ্কার



## পাঠের মূলকথা

'আমার পণ' কবিতায় কবি একজন শিশুর পণ বা প্রতিজ্ঞা তুলে ধরেছেন। শিশুটি সকালে ঘুম থেকে উঠেই প্রতিজ্ঞা করে সারা দিন ভালো হয়ে চলার। গুরুজনরা তাকে যে কাজ করতে বলবেন তা যেন সে ভালো মনে করে, ভাই-বোন সবাইকে যেন ভালোবাসে। পাঠের সময় যেন সে হেলায় না কাটায়; ভালো ছেলেদের সাথে মিশে যেন সে খেলা করে এসব ভাবে। শিশুটি পণ করে যেন সে কারও দুঃখে যেন সুখী না হয়; কখনো যেন মিথ্যা কথা না বলে, কিছুতেই যেন কাউকে সে ফাঁকি না দেয়। আর যেন সচেতন হয়ে সমস্ত লোভ সামলে থাকে; কখনই যেন কারও সাথে ঝগড়া-বিবাদ না করে। প্রতিদিন ঘুম থেকে উঠেই শিশুটি মনে মনে এসব ভালো কাজের পণ করে এবং ভালোভাবে চলার কথা ভাবে।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

৪.১ প্রমিত উচ্চারণে ও স্বাভাবিক গতিতে বলা ছড়া, কবিতা, রূপকথা ও গল্প শুনে মূলভাব বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।

৮.১ চিত্র ও ছবি সংবলিত বা বিহীন ছড়া, কবিতা, রূপকথা, গল্প সাবলীলভাবে বলতে পারা এবং বিষয়বস্তু বলতে পারা।

১২.১ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে, প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।

১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা, রূপকথা, গল্প ও কবিতার অংশ দেখে বা না দেখে লিখতে পারা।

১৬.২ পাঠের অন্তর্ভুক্ত রূপকথা, গল্প ও কবিতার মূলভাব এবং নিজ অভিজ্ঞতা/ মতামত লিখে প্রকাশ করতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৫

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-১০২ | সকালে উঠিয়া আমি.......... করি ভালো মনে। |
| পিরিয়ড-১০৩ | সকালে উঠিয়া আমি....., নাহি করি হেলা। |
| পিরিয়ড-১০৪ | সুখী যেন নাহি.......... বলি মনে মনে। |
| পিরিয়ড-১০৫ | পুরো কবিতা। |
| পিরিয়ড-১০৬ | পুনরালোচনা। |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| পণ | তর্কালঙ্কার | গুরুজন | ভালো | ফাঁকি | মিলেমিশি | সামলিয়ে | ঝগড়া | কভু |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর ৭ চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬৬

আদেশ, হেলা, কভু, ফাঁকি, গুরুজন।

**উত্তর :**

আদেশ — হুকুম।
হেলা — অলসতা।
কভু — কখনো।
ফাঁকি — ধোঁকা।
গুরুজন — বয়সে বড়ো মানুষ।

### ২ কবিতাটি দল বেঁধে আবৃত্তি করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬৬

উত্তর : নিজে ও সহপাঠীরা মিলে চেষ্টা করি।

### ৩ বাক্য লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬৬

সারাদিন ..................
ভাইবোন ..................
খেলা ..................
লোভ ..................
ঝগড়া ..................

**উত্তর :**

সারাদিন — আমি সারাদিন আনন্দে থাকি।
ভাইবোন — আমরা দুই ভাইবোন।
খেলা — ফুটবল খেলা আমার খুব প্রিয়।
লোভ — লোভ করা মহাপাপ।
ঝগড়া — বন্ধুদের সাথে ঝগড়া করতে নেই।

### ৪ পরের চরণটি বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬৬

আদেশ করেন যাহা মোর গুরুজনে
..................
সুখী যেন নাহি হই আর কারো দুখে,
..................
ঝগড়া না করি যেন কভু কারো সনে,
..................

**উত্তর :**

আদেশ করেন যাহা মোর গুরুজনে,
আমি যেন সেই কাজ করি ভালো মনে।
সুখী যেন নাহি হই আর কারো দুখে,
মিছে কথা কভু যেন নাহি আসে মুখে।
ঝগড়া না করি যেন কভু কারো সনে,
সকালে উঠিয়া আমি বলি মনে মনে।

### ৫ বাম পাশের সাথে ডান পাশের মিল করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬৬

| | |
|---|---|
| সারাদিন আমি যেন | করি ভালো মনে |
| একসাথে থাকি যেন | সামলিয়ে থাকি |
| সাবধানে যেন লোভ | ভালো হয়ে চলি |
| আমি যেন সেই কাজ | যেন ভালোবাসি |
| ভাইবোন সকলেরে | সবে মিলেমিশি |

**উত্তর :**

| | |
|---|---|
| সারাদিন আমি যেন | ভালো হয়ে চলি |
| একসাথে থাকি যেন | সবে মিলেমিশি |
| সাবধানে যেন লোভ | সামলিয়ে থাকি |
| আমি যেন সেই কাজ | করি ভালো মনে |
| ভাইবোন সকলেরে | যেন ভালোবাসি |

### ৬ লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬৭

| কী করব | কী করব না |
|---|---|
| ১. | ১. |
| ২. | ২. |
| ৩. | ৩. |

**উত্তর :**

| কী করব | কী করব না |
|---|---|
| ১. আমি বড়ো হয়ে সবার উপকার করব। | ১. আমি বড়ো হয়ে কারও ক্ষতি করব না। |
| ২. গুরুজনদের আদেশ-নিষেধ মেনে চলব। | ২. গুরুজনদের আদেশ-নিষেধ অমান্য করব না। |
| ৩. দেশ ও জাতির কল্যাণে কাজ করব। | ৩. দেশ ও জাতির অকল্যাণ হয় এমন কিছুই করব না। |

### ৭ বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬৭

**প্রশ্ন ক. কখন ঘুম থেকে উঠব?**

**উত্তর :** সকালে ঘুম থেকে উঠব।

**প্রশ্ন খ. সারাদিন কীভাবে চলব?**

**উত্তর :** সারাদিন আমি ভালো হয়ে চলব। গুরুজনরা যেসব আদেশ করবেন আমি সেগুলো ভালো মনে পালন করব।

প্রশ্ন গ. কাদের কথা মেনে চলব?

উত্তর : গুরুজন তথা পিতা-মাতা, শিক্ষক-শিক্ষিকা এবং যারা আমাদের চেয়ে বয়সে বড়ো তাদের কথা আমরা মেনে চলব।

প্রশ্ন ঘ. সুখী হব না কখন?

উত্তর : কারও দুঃখ দেখে সুখী হব না।

**৮ সাজিয়ে লিখি** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬৭

কাজ সেই করি যেন মনে ভালো আমি

দেই নাহি যেন ফাঁকি কাহারে কিছুতে

সময় হেলা করি নাহি পাঠের যেন

উত্তর :

কাজ সেই করি যেন মনে ভালো আমি
**আমি যেন সেই কাজ করি ভালো মনে।**

দেই নাহি যেন ফাঁকি কাহারে কিছুতে
**কিছুতে কাহারে যেন নাহি দেই ফাঁকি**

সময় হেলা করি নাহি পাঠের যেন
**পাঠের সময় যেন নাহি করি হেলা।**

**৯ কবিতাটি থেকে যা শিখলাম তা বলি ও লিখি।** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬৭

উত্তর :

সকালে ঘুম থেকে উঠতে হবে।
গুরুজনদের আদেশ পালন করতে হবে।
ভাইবোনদের সাথে মিলেমিশে থাকতে হবে।
লোভকে সংবরণ করতে হবে।
ভালো ছেলেদের সাথে মিশতে হবে।
পড়াশোনায় অবহেলা করা যাবে না।
কারও সাথে ঝগড়া করা যাবে না।
অন্যের দুঃখে আমরা দুঃখী হব এবং দুঃখ দূর করার চেষ্টা করব।

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ১০২ | সকালে উঠিয়া আমি... করি ভালো মনে।**

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

পণ, আদেশ, মোর, গুরুজন।

উত্তর :

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| পণ | পন্ |
| আদেশ | আদেশ্ |
| মোর | মোর্ |
| গুরুজন | গুরুজন্ |

**প্রশ্ন ২. কবির নামসহ 'আমার পণ' কবিতার প্রথম ৪ লাইন লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

**আমার পণ**
মদনমোহন তর্কালঙ্কার

সকালে উঠিয়া আমি মনে মনে বলি,
সারাদিন আমি যেন ভালো হয়ে চলি।
আদেশ করেন যাহা মোর গুরুজনে,
আমি যেন সেই কাজ করি ভালো মনে।

**প্রশ্ন ৩. কবিতার প্রথম চার লাইনে (সকালে ..... ভালো মনে) কী বলা হয়েছে সে সম্পর্কে তিনটি বাক্য লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর :

ক. আমাদের সকাল বেলা ঘুম থেকে উঠা উচিত।
খ. সারাদিন ভালো হয়ে চলা উচিত।
গ. গুরুজনদের আদেশ পালন করা উচিত।

**প্রশ্ন ৪. ছবি দেখে প্রশ্নের উত্তর লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা



**প্রশ্ন ৫. ছবিটি সম্পর্কে বল।**

**উত্তর :** ছবিতে আছে– সূর্য, তিনজন ছেলে, গুরুজন, বই, ফুলবাগান।

**প্রশ্ন ৬. ছবিটি দিনের কোন সময়ের?**

**উত্তর :** ছবিটি সকাল বেলার।

**প্রশ্ন ৭. ছবিটিতে কে কী করছে?**

**উত্তর :** ছবিটিতে একটি ছেলে পড়াশোনা করছে, আরেকটি ছেলে বাগানে খেলা করছে, অন্যদিকে বাবা ছেলেকে আদেশ করছেন।

**পিরিয়ড ১০৩ | সকালে উঠিয়া আমি...... নাহি করি হেলা।**

**প্রশ্ন ৮. নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**

**প্রশ্ন ক. সকালে ঘুম থেকে ওঠে তোমাদের চাওয়া কী হবে?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সকালে ঘুম থেকে উঠে আমাদের চাওয়া হবে– আমরা যেন সারাদিন ভালো হয়ে চলি।

**প্রশ্ন খ. কাদের আদেশে আমরা কাজ করব?**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** গুরুজনদের আদেশে আমরা কাজ করব।

**প্রশ্ন গ. কখন কোনো রকম হেলা করা যাবে না?**

**উত্তর :** পাঠের সময় কোনো রকম হেলা করা যাবে না।

**প্রশ্ন ৯. নিচের কবিতাংশটি পড়ে বিষয়বস্তু লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

বিশ্বজোড়া পাঠশালা মোর,
সবার আমি ছাত্র,
নানান ভাবে নানান জিনিস
শিখছি দিবারাত্র।
এই পৃথিবীর বিরাট খাতায়,
পাঠ্য যেসব পাতায় পাতায়
শিখছি সে সব কৌতূহলে,
নেই দ্বিধা লেশমাত্র। [সবার আমি ছাত্র– সুনির্মল বসু]

**উত্তর : বিষয়বস্তু :** মানুষ প্রকৃতির আবহাওয়ায় লালিত। তাই প্রকৃতির কাছ থেকে আমাদের অনেক কিছু শেখার আছে। বিশাল আকাশের দিকে আমরা যখন তাকাই তখন তার কাছ থেকে শিক্ষা পাই উদারতার। তেমনই বায়ুর কাছ থেকে শিক্ষা পাই কর্মী হতে, পাহাড়ের কাছ থেকে শিক্ষা পাই মৌন মহান হতে, খোলা মাঠের কাছ থেকে শিক্ষা পাই দিল-খোলা হতে। সূর্যের কাছ থেকে শিখি আপন তেজে দীপ্ত হতে। চাঁদের কাছ থেকে শিখি মধুরতা ও নম্রতা। সাগরের কাছ থেকে শিখি বিশাল অন্তরের অধিকারী হতে। তাই এ বিশাল পৃথিবী আমাদের শেখার ও জানার এক বিরাট পাঠশালা।

**প্রশ্ন ১০. নিচের শব্দগুলো দিয়ে দুটি করে বাক্য লেখ।**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| আদেশ | ১. |
| | ২. |
| গুরুজন | ১. |
| | ২. |

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| আদেশ | ১. বড়োদের আদেশ মেনে চলব। |
| | ২. শিক্ষক ছাত্রকে পড়তে আদেশ করলেন। |
| গুরুজন | ১. মা-বাবা, শিক্ষক আমাদের গুরুজন। |
| | ২. গুরুজনকে সব সময় সম্মান করি। |

**পিরিয়ড ১০৪ | সুখী যেন নাহি......... বলি মনে মনে।**

**প্রশ্ন ১১. 'পণ' কথাটি বুঝিয়ে লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** 'পণ' শব্দের অর্থ প্রতিজ্ঞা বা দৃঢ় সংকল্প। আমরা প্রতিদিন ভালো হয়ে চলার, গুরুজনদের আদেশ পালন করার, কারও দুঃখে সুখী না হওয়ার এবং মিথ্যা কথা না বলার পণ করি।

**প্রশ্ন ১২. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।**

সুখী যেন নাহি হই আর কারো দুখে
মিছে কথা কভু যেন নাহি আসে মুখে
সাবধানে যেন লোভ সামলিয়ে থাকি
কিছুতে কাহারে যেন নাহি দিই ফাঁকি
ঝগড়া না করি যেন কভু কারো সনে
সকালে উঠিয়া আমি বলি মনে মনে

**উত্তর :** সুখী যেন নাহি হই আর কারো দুখে,
মিছে কথা কভু যেন নাহি আসে মুখে।
সাবধানে যেন লোভ সামলিয়ে থাকি,
কিছুতে কাহারে যেন নাহি দিই ফাঁকি।
ঝগড়া না করি যেন কভু কারো সনে,
সকালে উঠিয়া আমি বলি মনে মনে।

**পিরিয়ড ১০৫ | পুরো কবিতা।**

**প্রশ্ন ১৩. নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**

**প্রশ্ন ক. কোন ধরনের কথা তুমি বলবে না?**

**উত্তর :** মিথ্যা কথা আমি বলব না।

**প্রশ্ন খ. কোনটি সামলে থাকবে?**

**উত্তর :** লোভ সামলে থাকব।

**প্রশ্ন ১৪. কবিতার প্রথম আট লাইন লেখ।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

**আমার পণ**

মদনমোহন তর্কালঙ্কার

সকালে উঠিয়া আমি মনে মনে বলি,
সারাদিন আমি যেন ভালো হয়ে চলি।
আদেশ করেন যাহা মোর গুরুজনে,
আমি যেন সেই কাজ করি ভালো মনে।

ভাইবোন সকলেরে যেন ভালোবাসি,
এক সাথে থাকি যেন সবে মিলেমিশি।
ভালো ছেলেদের সাথে মিশে করি খেলা,
পাঠের সময় যেন নাহি করি হেলা।

**পিরিয়ড ১০৬** পুনরালোচনা।

**প্রশ্ন ১৫. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. গুরুজন কারা?**

**উত্তর :** পিতা-মাতা, শিক্ষক-শিক্ষিকা, বড়ো ভাই-বোন এবং যারা আমাদের চেয়ে বয়সে বড়ো তারাই আমাদের গুরুজন।

**প্রশ্ন খ. গুরুজনদের সঙ্গে আমাদের আচরণ কেমন হবে?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** গুরুজনদের সঙ্গে আমাদের আচরণ হবে অত্যন্ত ভদ্র ও নম্র।

**প্রশ্ন গ. ভাইবোনদের সঙ্গে সম্পর্ক কেমন হবে?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ভাইবোনদের সঙ্গে সম্পর্ক হবে অত্যন্ত মধুর। তাদেরকে আমরা ভালোবাসব।

**প্রশ্ন ১৬. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

পাঠ, দুখ, লোভ, ঝগড়া।

**উত্তর :**

পাঠ — পড়া।

দুখ — দুঃখ, বিষাদ।

লোভ — লালসা।

ঝগড়া — কলহ, বিবাদ, দ্বন্দ্ব।

**প্রশ্ন ১৭. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| | |
|---|---|
| আদেশ মেনে চলি | গুরুজনদের/ভালো ছেলেদের |
| ভালোবাসি | ভালো ছেলেদের/সবাইকে |
| কাজ করি | মনে মনে/ভালো মনে |
| পাঠের সময় | করি খেলা/নাহি হেলা |
| সামলে রাখি | দুঃখ/লোভ |

**উত্তর :**

আদেশ মেনে চলি গুরুজনদের।

ভালোবাসি সবাইকে।

কাজ করি ভালো মনে।

পাঠের সময় নাহি হেলা।

সামলে রাখি লোভ।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ | সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

পণ, মোর, মিলেমিশি, সামলিয়ে, সনে। ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

**পণ** — প্রতিজ্ঞা, দৃঢ়সংকল্প।

**মোর** — আমার।

**মিলেমিশি** — ঐক্য, সদ্ভাব।

**সামলিয়ে** — সংবরণ করে, সংযত করে।

**সনে** — সঙ্গে, সাথে।

**প্রশ্ন ২. নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লেখ।**

সকাল, ভাই, দুঃখ, ছেলে, আদেশ।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| সকাল | প্রভাত, প্রাতঃকাল |
| ভাই | ভ্রাতা, সহোদর |
| দুঃখ | বিষাদ, খেদ, কষ্ট |
| ছেলে | তনয়, পুত্র |
| আদেশ | আজ্ঞা, হুকুম |

**প্রশ্ন ৩. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

| | | | |
|---|---|---|---|
| কভু | পাঠ | হেলা | আদেশ |
| সামলিয়ে | গুরুজন | ফাঁকি | |

ক. বড়দের ——— মেনে চলা উচিত।

খ. আমরা ——— শেষ করে খেলতে যাই।

গ. কাজে ——— দেওয়া উচিত নয়।

ঘ. ——— মিথ্যা বলব না।
ঙ. মা-বাবা, শিক্ষক আমাদের ———।
চ. কাউকে ——— করব না।
ছ. লোভ ——— যেন চলতে পারি।

**উত্তর :**

ক. বড়দের **আদেশ** মেনে চলা উচিত।
খ. আমরা **পাঠ** শেষ করে খেলতে যাই।
গ. কাজে **ফাঁকি** দেওয়া উচিত নয়।
ঘ. **কভু** মিথ্যা বলব না।
ঙ. মা-বাবা, শিক্ষক আমাদের **গুরুজন**।
চ. কাউকে **হেলা** করব না।
ছ. লোভ **সামলিয়ে** যেন চলতে পারি।

**বলা** — **শিক্ষকের প্রশ্নের উত্তর বলি**

**প্রশ্ন ৪. কেমন শিশুকে সবাই ভালোবাসে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** সত্যবাদী ও সবার সাথে মিলেমিশে খেলা করে এমন শিশুকে সবাই ভালোবাসে।

**প্রশ্ন ৫. বড়ো হয়ে তুমি কী হতে চাও?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** বড়ো হয়ে আমি সৎ ও আদর্শবান মানুষ হতে চাই।

**প্রশ্ন ৬. 'আমার পণ' কবিতাটি কে লিখেছেন?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** 'আমার পণ' কবিতাটি কবি মদনমোহন তর্কালঙ্কার লিখেছেন।

**প্রশ্ন ৭. 'আমার পণ' কবিতায় কাদের সঙ্গে মেশার কথা বলা হয়েছে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** 'আমার পণ' কবিতায় ভালো ছেলেদের সঙ্গে মেশার কথা বলা হয়েছে।

**প্রশ্ন ৮. লোভ সম্পর্কে তিনটি বাক্য লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা
**উত্তর :** লোভ সম্পর্কে তিনটি বাক্য হলো :
ক. লোভ করা পাপ কাজ।
খ. সাবধানে লোভ সামলে থাকব।
গ. কখনো অন্যের জিনিসের প্রতি লোভ করব না।

**পড়া** — **নিচের প্রশ্নগুলোর উত্তর দিই**

**প্রশ্ন ৯. নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**

**প্রশ্ন ক. কবিতার চরণগুলো সাজিয়ে লেখ।**

মিছে কথা কভু যেন নাহি আসে মুখে।
সাবধানে যেন লোভ সামলিয়ে থাকি,
ঝগড়া না করি যেন কভু কারো সনে,
কিছুতে কাহারে যেন নাহি দিই ফাঁকি,
সকালে উঠিয়া আমি বলি মনে মনে।
সুখী যেন নাহি হই আর কারো দুখে,

**উত্তর :** উপরের কবিতার চরণগুলো সাজিয়ে লেখা হলো—
সুখী যেন নাহি হই আর কারো দুখে,
মিছে কথা কভু যেন নাহি আসে মুখে।
সাবধানে যেন লোভ সামলিয়ে থাকি,
কিছুতে কাহারে যেন নাহি দিই ফাঁকি।
ঝগড়া না করি যেন কভু কারো সনে,
সকালে উঠিয়া আমি বলি মনে মনে।

**প্রশ্ন খ. আমরা কারও সাথে কী করব না?**
**উত্তর :** আমরা কারও সাথে ঝগড়া করব না।

**প্রশ্ন ১০. নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ।**
সুখী, ভালোবাসা, ভালো, কাজ, লোভ।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| সুখী | দুঃখী |
| ভালোবাসা | ঘৃণা |
| ভালো | মন্দ |
| কাজ | অকাজ |
| লোভ | নির্লোভ |

**লেখা** — **নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**প্রশ্ন ১১. অন্ত্যমিলযুক্ত শব্দ খুঁজে বের করে নতুন শব্দ লেখ।**
▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| অন্ত্যমিলযুক্ত জোড় শব্দ | অন্ত্যমিলযুক্ত নতুন শব্দ |
|---|---|
| বলি<br>চলি | অলি, কলি, গলি |
| ভালোবাসি<br>মিলেমিশি | দাসী, আসি, শিশি |
| খেলা<br>হেলা | বেলা, মেলা, জেলা |
| দুখে<br>সুখে | মুখে, দেখে, লেখে |
| থাকি<br>ফাঁকি | বাকি, নাকি, কাকি |
| সনে<br>মনে | জনে, বনে, গানে। |

বাংলা

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| কবিতা শুনে বিষয়বস্তু নিজের মতো করে বলতে পেরেছে। | | | |
| স্পষ্ট উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পেরেছে। | | | |
| স্পষ্ট উচ্চারণে কবিতার বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |
| কবিতার চরণ দেখে লিখতে পেরেছে। | | | |
| পাঠের অন্তর্ভুক্ত কবিতার চরণ দেখে লিখতে পেরেছে। | | | |
| কবিতা সম্পর্কিত প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |
| কবিতা শুনে অন্ত্যমিল শনাক্ত করতে পেরেছে। | | | |
| স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে সমমানের কবিতা পড়ে বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |
| পাঠের অন্তর্ভুক্ত কবিতার বিষয় বুঝে নিজের মতো করে লিখতে পেরেছে। | | | |
| কবিতা সম্পর্কিত প্রশ্নের উত্তর লিখতে পেরেছে। | | | |
| কবিতা শুনে আনন্দের সাথে বিষয়বস্তু নিজের মতো করে বলতে ও লিখতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :...............

শিক্ষার্থীর নাম :.............................................. শ্রেণি :.............................................. রোল নম্বর : ☐

১। **নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**
সারাদিন, ভাইবোন, খেলা, লোভ, ঝগড়া

২। **পরের চরণগুলো মিলিয়ে লেখ।**
আদেশ করেন যাহা মোর গুরুজনে
______________________
সুখী যেন নাহি হই আর কারো দুখে,
______________________
ঝগড়া না করি যেন কভু কারো সনে,
______________________

৩। **নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**
ক. কখন ঘুম থেকে উঠব?
খ. সারাদিন কীভাবে চলব?
গ. কাদের কথা মেনে চলব?

### উত্তরমালা

১ ▸

| | |
|---|---|
| সারাদিন | আমি সারাদিন আনন্দে থাকি। |
| ভাইবোন | আমরা দুই ভাইবোন। |
| খেলা | ফুটবল খেলা আমার খুব প্রিয়। |
| লোভ | লোভ করা মহাপাপ। |
| ঝগড়া | বন্ধুদের সাথে ঝগড়া করতে নেই। |

২ ▸ আদেশ করেন যাহা মোর গুরুজনে,
**আমি যেন সেই কাজ করি ভালো মনে।**
সুখী যেন নাহি হই আর কারো দুখে,
**মিছে কথা কভু যেন নাহি আসে মুখে।**
ঝগড়া না করি যেন কভু কারো সনে,
**সকালে উঠিয়া আমি বলি মনে মনে।**

৩ ▸ ক. সকালে ঘুম থেকে উঠব।
খ. সারাদিন আমি ভালো হয়ে চলব। গুরুজনরা যেসব আদেশ করবেন আমি সেগুলো ভালো মনে পালন করব।
গ. গুরুজন তথা পিতা-মাতা, শিক্ষক-শিক্ষিকা এবং যারা আমাদের চেয়ে বয়সে বড়ো তাদের কথা আমরা মেনে চলব।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐